

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪২৫(আগরতলা ১।১)

আগরতলা, ১ জানুয়ারি, ২০২৪

জীবনে চলার পথে প্রতিটা ক্ষেত্রেই বিদ্যুৎ অত্যন্ত প্রয়োজনীয় : বিদ্যুৎ মন্ত্রী

জীবনে চলার পথে প্রতিটা ক্ষেত্রেই বিদ্যুৎ অত্যন্ত প্রয়োজনীয়। তাই উন্নততর দেশ গঠনেও বিদ্যুতের বিকল্প নেই। আজ ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের ২০তম প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ। উত্তর বনমালীপুরস্থিত কর্পোরেট অফিস প্রাঙ্গণে এ উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। সকালে কর্পোরেট অফিস প্রাঙ্গণে পতাকা নেড়ে ও বেলুন উড়িয়ে র্যালির সূচনা করেন বিদ্যুৎ মন্ত্রী। পরে দপ্তরের একটি বর্ণাঢ্য র্যালি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

অনুষ্ঠানে বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ সকলকে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বলেন, বর্তমান কেন্দ্রীয় ও রাজ্য সরকারের উদ্দেশ্য হলো প্রতিটি পরিবারের নিকট বিদ্যুৎ পরিষেবা পৌঁছে দেওয়া। আর এই কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। তিনি বলেন, নতুন প্রযুক্তি ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করলে প্রচুর অর্থের সাশ্রয় হবে। যে পরিমাণ প্রাকৃতিক গ্যাস দিয়ে বর্তমানে রাজ্যে যতটুকু বিদ্যুৎ উৎপাদন করা হচ্ছে উন্নত প্রযুক্তির ব্যবহারে তা দ্বিগুণ করা সম্ভব। বিদ্যুৎ মন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশবাসীর নিকট প্রাকৃতিক গ্যাস, কয়লা নির্ভর শক্তি উৎপাদনের নির্ভরতা কমিয়ে পুনর্নির্বাচন যোগ্য শক্তির উপর মনোনিবেশ করার জন্য আহ্বান রেখেছেন। তাই আমাদেরও বিকল্প বিষয় নিয়ে চিন্তা ভাবনা করতে হবে। তিনি বলেন, বর্তমান সরকারের সময়ে রাজ্যবাসীর মাথাপিছু আয় বেড়ে ১ লক্ষ ৪৯ হাজার টাকা হয়েছে।

অনুষ্ঠানে বিদ্যুৎ দপ্তরের সচিব অভিষেক সিং বলেন, ২০০৫ সালের আজকেরদিনে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের যাত্রা শুরু হয়। তিনি বলেন, দেশের প্রতিটি পরিবারের নিকট বিদ্যুৎ পরিষেবা পৌঁছানোর দিশা নির্দেশনা দেওয়ার লক্ষ্যে সম্প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সভাপতিত্বে বিভিন্ন রাজ্যের বিদ্যুৎ সচিবদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের অধিকর্তা (ফিন্যান্স) সর্বাঙ্গীণ ডোগরা। অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত স্বাস্থ্য শিবিরে ৯২ জনের চক্ষু পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন টিপিজিএল'র কারিগরি অধিকর্তা অনিল খান্না, ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেডের জিএম রঞ্জন দেববর্মা, জিএম (ফিন্যান্স) গৌতম মুখোপাধ্যায় প্রমুখ।
